

## নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল আমমোক্তারনামার (Power of Attorney) ক্ষেত্রে পাওয়ার অফ এটর্নি বিধিমালা-২০১৫ (বাংলাদেশ গেজেট, অতিরিক্ত জুলাই ২৩, ২০১৫ তারিখে প্রকাশিত) যথাযথভাবে অনুসরণ করা বাধ্যতামূলক।

০২. উপরোক্ত বিধিমালা অনুযায়ী বাংলাদেশের বাহিরে সম্পাদিত আমমোক্তারনামা (Power of Attorney) প্রমাণীকরণ সম্পর্কিত নির্দেশমালা (তফসিল-ক, ফরম-৩) এতদসঙ্গে সংযুক্ত করা হলঃ

৫৯৭২

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুলাই ২৩, ২০১৫

তফসিল ক

ফরম-৩

বাংলাদেশের বাহিরে সম্পাদিত পাওয়ার অব অ্যাটর্নি প্রমাণীকরণ

[বিধি ১০(১) দ্রষ্টব্য]

[ দ্রষ্টব্য : (১) নিম্নবর্ণিত ২ ও ৩ নং অনুচ্ছেদে লিপিবদ্ধ বিবরণের পার্শ্বে যথাক্রমে পাওয়ারদাতা ও পাওয়ারগ্রহীতার পাসপোর্ট আকরণের সাদা পটভূমিতে সম্প্রতি তোলা রঙিন ছবি সংযুক্তক্রমে উভয় ছবি পাওয়ারদাতা কর্তৃক শনাক্তপূর্বক তাহাকে ছবির উপর আড়াআড়িভাবে নিজ দস্তখত ও টিপসহ প্রদান করিতে হইবে, যদি তিনি নাম স্বাক্ষর করিতে অক্ষম হন, তাহা হইলে তাহার পরিচিত কোন ব্যক্তি দ্বারা তাহার নাম বকলমে লিপিবদ্ধ করিতে হইবে; (২) যে সকল অনুচ্ছেদের প্রয়োজন হইবে না উহার/উহাদের পার্শ্বে 'প্রয়োজ্য নয়' উল্লেখ করিতে হইবে; (৩) দলিলে স্থাবর সম্পত্তির বর্ণনা থাকিলে উহা নিবন্ধনের ক্ষেত্রে পাওয়ারদাতার পক্ষে পাওয়ারগ্রহীতা কর্তৃক হলফনামা প্রদান করিতে হইবে; (৪) "পরিচিতি" অর্থ রেজিস্ট্রেশন আইনের section 2 এর sub-section (1) এ প্রদত্ত "addition" এর সংজ্ঞা অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তির পরিচিতি। ]

ক্রমিক নম্বর ...	তারিখ ...
সংশ্লিষ্ট নোটারি পাবলিক, বা কোন কোর্ট, জজ, ম্যাজিস্ট্রেট, বাংলাদেশের কনসাল বা ভাইস কনসাল বা সরকারের প্রতিনিধির নাম ও ঠিকানা :	

ক্রমিক নম্বর ...	বহি নম্বর ...	দলিল নম্বর ...	সন ...	তারিখ ...
সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রার এর কার্যালয়ের নাম ও ঠিকানা :				

দলিলের প্রকৃতি	মৌজা	থানা/উপজেলা	জেলা	পণমূল্য (যদি থাকে)

- ১। সম্পাদনের তারিখ :
- ২। পাওয়ারদাতা/দাতাগণের নাম ও পরিচিতি :
- ৩। পাওয়ার গ্রহীতা/গ্রহীতাগণের নাম ও পরিচিতি :
- ৪। পাওয়ারদাতা/দাতাগণের পাসপোর্টের বিবরণ :
- ৫। পাওয়ারদাতা কর্তৃক প্রদেয় বিশেষ, সাধারণ বা অপ্রত্যাশারযোগ্য ক্ষমতা প্রদানের উদ্দেশ্য ও প্রদেয় ক্ষমতার বিবরণ এবং পাওয়ারগ্রহীতা কর্তৃক সম্পাদিতব্য দায়িত্ব ও কার্যাবলীর বিস্তারিত বিবরণ :
- ৬। এই পাওয়ার অব অ্যাটর্নি দলিলটি বিধি মোতাবেক পাওয়ারগ্রহীতা কর্তৃক বাংলাদেশের কোন উপযুক্ত সাব-রেজিস্ট্রারের নিকট রেজিস্ট্রার নিমিত্ত দাখিল করিবার ক্ষমতা প্রদান সংক্রান্ত বিবরণ :

- ৭। স্থাবর সম্পত্তি বিক্রয়, বিক্রয়ের চুক্তি বা ঋণ গ্রহণের বিনিময়ে বন্ধক প্রদান সংক্রান্ত ক্ষমতা প্রদত্ত হইলে উহার বিবরণসহ সম্পত্তির তফসিল বর্ণনা; অথবা ভূমি উন্নয়ন সংক্রান্ত কোন ক্ষমতা প্রদত্ত হইলে, উহার বিবরণ ও উহাতে সৃজিতব্য প্লটের বা নির্মিতব্য ভবনের বিস্তারিত বিবরণসহ সম্পত্তির তফসিল বর্ণনা; অথবা ভূমি উন্নয়ন ব্যতীত স্থাবর সম্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত কোন ক্ষমতা প্রদত্ত হইলে উহার বিবরণসহ সম্পত্তির তফসিল বর্ণনা; (প্রত্যেক ক্ষেত্রেই রেজিস্ট্রেশন আইনের section 52A তে বিধৃত বিষয়াদি সন্নিবেশ করিতে হইবে); অথবা প্রযোজ্য ক্ষেত্রে সম্পত্তির তফসিল বর্ণনা :
- ৮। ভূমি উন্নয়ন সংক্রান্ত কোন ক্ষমতা প্রদত্ত হইলে, প্রস্তাবিত ভূমি উন্নয়ন কার্য সম্পন্নোর পর উহা হইতে অর্জিত যে অংশ পাওয়ারগ্রহীতা প্লট, ইমারত বা স্পেস আকারে বিক্রয় বা হস্তান্তরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন উহার বিবরণ :
- ৯। আইনের ধারা ২(২) অনুসারে সম্পত্তির পণমূল্য;
- ১০। প্রযোজ্য ক্ষেত্রে পাওয়ারদাতা কর্তৃক গৃহীত কোন অর্থ, যদি থাকে, বা কোন আর্থিক লেনদেন, যদি হয়, তবে উহার বিবরণ;
- ১১। আর্থিক দায় ও দায়িত্ব, যদি থাকে, উহার বিবরণ :
- ১২। প্রদেয় ক্ষমতা প্রয়োগের নির্দিষ্ট মেয়াদ, যদি থাকে :
- ১৩। পাওয়ারদাতা একাধিক হইলে তাহারা যৌথভাবে, বা পৃথকভাবে ক্ষমতা প্রদান করিয়াছেন কিনা উহার বিবরণ; এবং নিযুক্ত অ্যাটার্নি একাধিক হইলে তাহারা যৌথভাবে, বা পৃথকভাবে অথবা যৌথ ও পৃথক উভয়ভাবেই কার্য সম্পাদনের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন কিনা উহার বিবরণ;
- ১৪। পক্ষগণের অভিপ্রায় প্রতিফলনের নিমিত্ত অন্য কোন তথ্য বা বিশেষ শর্ত, প্রযোজ্য ক্ষেত্রে :
- ১৫। পাওয়ারদাতা/দাতাগণের নাম ও স্বাক্ষর :
- ১৬। এডভোকেট বা সলিসিটর বা দলিল মুসাবিদাকারীর নাম, পরিচিতি ও স্বাক্ষর (প্রযোজ্য ক্ষেত্রে) :
- ১৭। প্রযোজ্য ক্ষেত্রে পাওয়ারদাতার পক্ষে প্রদত্ত হলফনামা :
- ১৮। উপযুক্ত কর্মকর্তার নাম, পদবিযুক্ত সিল ও তারিখসহ স্বাক্ষর :



বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রীস